

দুর্নীতিবাজ কাউকে

১৬-এর পৃষ্ঠার পর
নিজের জর্জরিত হলেও নতুন একটি পাঠ্যক্রম তৈরি করা হবে। তিনি বলেন, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্য আয়ের রাষ্ট্র পরিণত করতে হলে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সমাজ পরিবর্তন করতে হবে। গভর্নামেন্ট শিক্ষা পদ্ধতি নিয়ে এ পরিবর্তন সম্ভব নয়। এজন্য বর্তমান সরকার একটি ব্যবস্থার নতুন শিক্ষানীতি প্রবর্তন করতে যাচ্ছে। পিতৃদের সন্তান শিক্ষা নিশ্চিত করার জন্য চলতি বছরই দেশে ১৫শ' স্কুল প্রতিষ্ঠা করা হবে। ২০১১ সালের মধ্যে সব পিডকে মুদ্রা নিয়ে আনা হবে। তিনি বলেন, ২০০৯ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৩৯টি কলেজ থেকে কোন পরীক্ষার্থী পাস করতে পারেনি। দেশে মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষকদের মনসম্মত শিক্ষা প্রদান করতে হবে। প্রত্যেকটি উপজেলায় একটি করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা হবে বলে তিনি জানান। বর্তমান সরকারের নির্বাচনী অধীকার হচ্ছে অগ্রাধিকার ভিত্তিতে চাকরির আধুনিক পদ্ধতিতে পিকিত করে তোলা। নতুন প্রকল্পের হাজার হাজার ব্যক্তি এখনো ২২ কোটি টাকা ব্যয়ে করেকটি কলেজে আইসিটি স্মার প্রতিষ্ঠা করা হবে। তিনি বলেন, শিক্ষার ক্ষেত্রে ইচ্ছা থাকলেও সব সমস্যার সমাধান একবারে করা সম্ভব নয়। পর্যায়ক্রমে সমস্যাসমূহা চিহ্নিত করে সমাধান করা হবে।

দুর্নীতিবাজ কাউকে শিক্ষার সাথে জড়িত থাকতে দেয়া হবে না

নারায়ণগঞ্জ জেলা সিবোদমতাজ

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বিদেশ থেকে আনা ঋণের অর্থ শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়ের একটি দুইচক্র দুর্নীতিক মাধ্যমে সরকারি অর্থ দুটপাট করে যাচ্ছে। দুর্নীতিবাজদের কারণে এখানে সভ্যতা ও নিষ্ঠার সাথে কাজ করা কঠিন। তারপরও এর মধ্যেই আমি চেটা করে যাবো। শিক্ষামন্ত্রী বলেন, দুর্নীতিবাজ কাউকে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষার সাথে জড়িত থাকতে দেয়া হবে না। দেশে উচ্চশিক্ষা বিস্তারের জন্য নারায়ণগঞ্জসহ গুরুত্বপূর্ণ করেকটি জেলাতে সরকার বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার পরিকল্পনা গ্রহণ করেছে। এজন্য তিনি সরকারের পাশাপাশি বেসরকারিভাবে সামর্থ্যবান ব্যক্তিদের এগিয়ে আসার আহ্বান জানান। গতকাল (শনিবার) দুপুরে নারায়ণগঞ্জ সরকারি ডোপারাম কলেজে নবীনবরণ ও মেধাবী

শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কলেজের অধ্যক্ষ প্রফেসর শিরিন বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা সভায় বক্তব্য রাখেন সংসদ সদস্য মুসিমা ওসমান, গোলাম দস্তগীর গাজী বীরপ্রতীক, নব্বুন ইসলাম বাবু, আব্দুল্লাহ আল কায়সার হাসনাভ, সাবেক সংসদ সদস্য একেএম শামীম ওসমান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদ, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা খাতুন, সরকারি ডোপারাম কলেজের নবীনবরণ উদযাপন কমিটির আহ্বায়ক লিয়াকত আশী খান। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ আরো বলেন, ডোপারাম কলেজের দপতলা ভবন নির্মাণের ব্যাপারে একটি প্রস্তাব শিক্ষামন্ত্রণালয় থেকে পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এছাড়া শিক্ষামন্ত্রণালয়ের

নারায়ণগঞ্জ নবীনবরণ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

১১২ ক ১৮